একই স্মারক ও তারিখের বিকল্প প্রতিলিপি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd



স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৬.৪০৬

তারিখ: ১০ নভেম্বার, ২০২৬খ্রি.

ফলাফল প্রকাশ ও পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগস্ট-সেপ্টেম্বর-২০২৬খ্রি. অনুষ্ঠিতব্য ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের সংশ্লিষ্ট প্রবিধানভূক্ত শিক্ষার্থীদের ২য়, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম পর্ব অকৃতার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৫-এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ২য় ও ৭ম পর্ব নিয়মিত, ১ম অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৫-এর ফলাফল স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৬.৪০৪ তারিখ:১০-১১-২০২৬খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে। উক্ত পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের আবেদন করার নিয়ম নিম্নে দেয়া হলোঃ

(ক) **তত্ত্বীয় পরীক্ষার উত্তরপত্র পুন:নিরীক্ষণ:** নির্ধারিত ফি (বিষয় প্রতি ৩০০ টাকা) প্রদান করে পরীক্ষার্থীর নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে তত্ত্বীয় পরীক্ষার উত্তরপত্র পুন:নিরীক্ষণের আবেদন **১১-১১-২০২৬ খ্রি: হতে ১৮-১১-২০২৬খ্রি:** তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। পরীক্ষায় অংশগ্রহণকৃত সকল বিষয়ের (পাশ ফেলসহ) আবেদন অনলাইনে করা যাবে।

❖ **অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রি ও সোনালী সেবার মাধ্যমে পুনঃনিরীক্ষনের ফি জমা দেয়ার পদ্ধতি :**

বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) **'পুনঃনিরীক্ষণ/স্থগিত ফলাফল'** লিংকে প্রবেশ করে প্রতিষ্ঠান কোড ও সঠিক পাসওয়ার্ড দিয়ে নিম্নের পদ্ধতি অনুযায়ী পুনঃনিরীক্ষণের তথ্য এন্ট্রি করতে হবে।

ধাপ-০১ (Apply):

www.bteb.gov.bd ⇒ উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ স্থগিত ফলাফল ⇒ ডিপ্লোমা পর্যায় ⇒ Diploma In Engineering Rescrutiny (Link 1, Link 2, Link 3)

Course Curriculum	15–Diploma In Engg.
Exam Year	2025
Institution Code	*****
Password	*****
Login	

Apply for Rescrutiny

SL NO	Roll No.	Fail Subject	
(1)	940098	66651, 26751	Apply for Rescrutiny
(2)	940100	66665	Apply for Rescrutiny

ধাপ-০২ (Preview): সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাদের পুনঃনিরীক্ষণে আবেদনকৃত তথ্য 'Preview' তে দেখতে পারবে এবং প্রয়োজনে Print করতে পারবে।

ধাপ-০৩ (Payment Summary) : [২২-১১-২০২৬ হতে ২৩-১১-২০২৬খ্রি. পর্যন্ত কাজ করবে] [Payment Summary List]

SL No	Semester/ Year	Amount	Comments
1.	5th Semester	900	
	Total	900	

Click for Online Payment

ধাপ-০৪: Sonali Payment Gateway এর মাধ্যমে সোনালী ব্যাংক একাউন্ট অথবা মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে পুনঃনিরীক্ষণের ফি বোর্ডে প্রদান করতে হবে।

(খ) প্রতিষ্ঠানের করণীয়:

- ❖ প্রতিষ্ঠান পুনঃনিরীক্ষণে আগ্রহী পরীক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় ফি সরাসরি/ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসের মাধ্যমে গ্রহণ করবে।
- ❖ প্রাপ্ত আবেদনের তথ্য ও ফি উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রতিষ্ঠানকর্তৃক অনলাইনের (www.bteb.gov.bd) মাধ্যমে এন্ট্রি ও পরিশোধ করতে হবে।
- ❖ অনলাইনে আবেদনকারি পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি: **১১-১১-২০২৬ খ্রি. হতে ১৯-১১-২০২৬খ্রি. তারিখ পর্যন্ত।**
- ❖ অনলাইনে আবেদনকারী পরীক্ষার্থীদের ফাইনাল লিস্ট প্রিন্ট: **২২-১১-২০২৬ হতে ২৩-১১-২০২৬খ্রি. পর্যন্ত** ।
- ❖ পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ, Final List ও ফি পরিশোধের সকল হার্ডকপি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/ বাহক মারফত **২৬-১১-২০২৬খ্রি** তারিখের মধ্যে বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা) বরাবরে প্রেরণ করতে হবে।
- ❖ পুন:নিরীক্ষণের আবেদন প্রেরণ সংক্রান্ত যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে।
- ❖ Final List প্রিন্ট করে প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

উল্লেখ্য, অনলাইনে এন্ট্রিকৃত তথ্য ফাইনাল লিস্টে না নিলে এবং অনলাইনে পেমেন্ট সম্পন্ন না করলে পুনঃনিরীক্ষণের আবেদন সম্পন্ন হবেনা বিধায় এ ধরনের আবেদন পুন:নিরীক্ষণের জন্য বিবেচনা করা হবে না।

(গ) **TC, PC, PF এবং GPA সংশোধন:** পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর **আগামী ২৬-১১-২০২৬খ্রি.** তারিখের মধ্যে নিম্নে উল্লিখিত প্রমাণক ও প্রতিষ্ঠান জরিমানাসহ ম্যানুয়াল আবেদন বোর্ডের ডিপ্লোমা পরীক্ষা শাখায় সরাসরি জমা দিতে হবে:

- ❖ **PC সংশোধন:** ফলাফলে PC Continiousfail_sub উল্লেখ থাকলে সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনের করতে হবে। আবেদনের সাথে প্রবেশপত্রের কপি, ফলাফলের PDF কপি এবং সংশোধিত নম্বরপত্র সংযুক্ত করতে হবে।
- ❖ **GPA সংক্রান্ত সংশোধন:** ২০১৬ প্রবিধানভূক্ত ৮ম পর্বের কোন পরীক্ষার্থীর ফলাফলে CGPA উল্লেখ না থাকলে /GPA Missing থাকলে সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে আবেদনের করতে হবে। আবেদনের সাথে প্রবেশপত্রের কপি, ফলাফলের PDF কপি এবং শিক্ষার্থীর ১ম, ২য় ও ৩য় পর্বের GPA নম্বর এবং টেবুলেশন সিট/ মার্ক সিট সংযুক্ত করতে হবে।
- ❖ **PF সংক্রান্ত সংশোধন:** উপযুক্ত প্রমাণকসহ (পূর্বে প্রদেয় নম্বর, সংশোধিত নম্বর, হাজিরাশিট, Internal ও External কর্তৃক প্রদেয় নম্বরপত্র ইত্যাদি) সংশ্লিষ্ট কেন্দ্রের মাধ্যমে আবেদন করতে হবে।

১৮/১১/২৬

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
তারিখ: ১০ নভেম্বার, ২০২৬খ্রি

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৬.৪০৬(১৪)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
[দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক-৩]
৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সংশ্লিষ্ট সকল)।
৬. অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি/বাংলাদেশ ইন্সটিটিউট অব্ গ্লাস এন্ড সিরামিক/ গ্রাফিক আর্টস ইন্সটিটিউট/বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট/ইঞ্জিনিয়ারিং এন্ড সার্ভে ইন্সটিটিউট/ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ...।
৭. অধ্যক্ষ/পরিচালক, ...।
৮. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website-এ প্রকাশ করাসহ উল্লেখিত তারিখসমূহে Online কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
১১. সহকারী প্রোগ্রামার, (ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষার দায়িত্ব প্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. নথি।

১৮/১১/২৬

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন : ০২-৫৫০০৬৫৩১